



বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি- ২০২০ এর পিইসি নির্দেশিকা

১। ১ (ক) নং প্রশ্নে বিদ্যালয়ের EMIS কোড: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের IMD (Information Management Division) থেকে পাঠানো কোড দেখে EMIS (Education Management Information System) কোড পূরণ করুন। GPS, NNPS, 1500 School and Experimental ব্যতীত নতুন প্রতিষ্ঠিত বিদ্যালয়ের ক্ষেত্রে উপজেলা শিক্ষা অফিস থেকে নতুন EMIS কোড (৯ সংখ্যার) প্রস্তুতপূর্বক পূরণ করতে হবে। যে সকল বিদ্যালয়ে ইতোপূর্বে EMIS কোড জেনারেট করা হয়েছে সে সকল বিদ্যালয়ে কোনক্রমেই নতুন কোড জেনারেট করা যাবে না।

- প্রশ্নে সংযুক্ত ফুট নোট অনুযায়ী বিদ্যালয়ের ধরন কোড লিখুন।
- বিদ্যালয়ের নাম গেজেট অনুযায়ী বাংলায় স্পষ্টাক্ষরে এবং ইংরেজিতে বড় হাতের অক্ষর (Block letter) এ লিখতে হবে।
- গ্রাম/ওয়ার্ড : বিদ্যালয়টি গ্রামে অবস্থিত হলে গ্রামের নাম এবং সিটি কর্পোরেশন/পৌরসভায় অবস্থিত হলে ওয়ার্ডের নাম/ নম্বর লিখুন।
- ক্লাস্টার:
- ১(খ) নং প্রশ্নে বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীর সংখ্যা এবং ভবন, কক্ষ ও ওয়াশরুম সংখ্যা লিপিবদ্ধ করুন। শিক্ষক ও কর্মচারীর তথ্য লিপিবদ্ধ করার সময় প্রশ্নে সংযুক্ত ফুট নোট ভালোভাবে পড়ে নিন।

২। ২(ক) নং প্রশ্নে বিষয় অনুযায়ী বিদ্যালয়ের সাধারণ তথ্যাবলির ক্ষেত্রে প্রযোজ্য অপশনটি লিখুন।

- বিদ্যালয়ের গ্রেড: বিদ্যালয়টি যে গ্রেডের (এ/বি/সি/ডি) তা সঠিকভাবে লিখুন (শুধু সরকারি ও নতুন জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে গ্রেডের নাম উল্লেখ করতে হবে)।
- ২(খ) নং প্রশ্নে বিদ্যালয়ে যে যে শ্রেণিতে পাঠদান করানো হয় তার বিপরীতে 'হ্যাঁ' লিখুন। যে শ্রেণিতে পাঠদান করানো হয় না, তার বিপরীতে 'না' লিখুন।
- ২(গ) নং প্রশ্নে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য বিদ্যালয়ে বিদ্যমান সুবিধাসমূহ হ্যাঁ/না এর মাধ্যমে লিপিবদ্ধ করুন।
- ডেইজি বুক: দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য ডিজাইনকৃত বিশেষ ধরনের অডিও বুক।
- ব্রেইল বই: দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য ব্রেইল পদ্ধতিতে লিখিত বই, যা হাতের স্পর্শের মাধ্যমে পড়তে হয়।
- দৃষ্টি ফেস্টিং:
- কালার কন্ট্রাস্ট:

৩। বিদ্যালয়ের ভবনসমূহের তথ্য লিপিবদ্ধ করুন। এই প্রশ্নটি শুধুমাত্র GPS (০১), পরীক্ষণ বিদ্যালয় (০৪), ১৫০০ নতুন সরকারি প্রাথমিক বিদ্যালয় (২৬) এবং নতুন জাতীয়করণকৃত বিদ্যালয় (NNPS) (৯৯) এর ক্ষেত্রে প্রযোজ্য।

৪। ৪ নং প্রশ্নে ওয়াস ব্লক ব্যতীত স্যানিটেশন ব্যবস্থা তথা টয়লেটের তথ্য সংগ্রহ করুন। প্রতিটি টয়লেটের তথ্য পৃথক সারিতে লিখুন। এই প্রশ্নটি শুধুমাত্র GPS (০১), পরীক্ষণ বিদ্যালয় (০৪), ১৫০০ নতুন সরকারি প্রাথমিক বিদ্যালয় (২৬) এবং নতুন জাতীয়করণকৃত বিদ্যালয় (NNPS) (৯৯) এর ক্ষেত্রে প্রযোজ্য।

৫। ৫ নং প্রশ্নে বিদ্যালয়ের ওয়াস ব্লক সম্পর্কিত তথ্যাদি সঠিকভাবে লিপিবদ্ধ করুন। প্রতিটি ওয়াস ব্লকের জন্য পৃথক সারি ব্যবহার করুন। এই প্রশ্নটি শুধুমাত্র GPS (০১), পরীক্ষণ বিদ্যালয় (০৪), ১৫০০ নতুন সরকারি প্রাথমিক বিদ্যালয় (২৬) এবং নতুন জাতীয়করণকৃত বিদ্যালয় (NNPS) (৯৯) এর ক্ষেত্রে প্রযোজ্য।

৬। ৬নং প্রশ্নে বিদ্যালয়ের পানীয় জলের ব্যবস্থা সংক্রান্ত তথ্যাদি পানির উৎসের ধরন অনুযায়ী লিপিবদ্ধ করুন।

৭। ৭ নং প্রশ্নে বিদ্যালয়ের তথ্য প্রযুক্তি, মাল্টিমিডিয়া সম্পর্কিত তথ্যাদি লিপিবদ্ধ করুন। এই প্রশ্নটি শুধুমাত্র GPS (০১), পরীক্ষণ বিদ্যালয় (০৪), ১৫০০ নতুন সরকারি প্রাথমিক বিদ্যালয় (২৬) এবং নতুন জাতীয়করণকৃত বিদ্যালয় (NNPS) (৯৯) এর ক্ষেত্রে প্রযোজ্য।

- প্রথম দুই সারিতে বিদ্যালয়ের জন্য কম্পিউটার (ডেস্কটপ ও ল্যাপটপ) এর জন্য শেষ তিন কলামে তথ্য দিতে হবে।
- মাল্টিমিডিয়া বেসড ক্লাসরুম বলতে মাল্টিমিডিয়া ব্যবহার উপযোগী করে কক্ষটি ডেভেলপ ও ডেকোরেশন করা হয়েছে কি না।

- মাল্টিমিডিয়া ইন্টারএকটিভ ক্লাসরুম বলতে ঐ ক্লাসরুমে মাল্টিমিডিয়া ব্যবহার করতে বৈদ্যুতিক সংযোগসহ প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট আছে কি না।

৮। ৮নং প্রশ্নে প্রাক-প্রাথমিক শ্রেণির ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, শ্রেণিভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর সংখ্যা ও একই শ্রেণিতে পুনরাবৃত্তি বা রিপিটার শিক্ষার্থীর সংখ্যা উলেখ করুন।

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর ধরন নির্ণয় পদ্ধতি:

শারীরিক : সাধারণত যে সব শিশুর হাত-পা বা শরীরের অন্য কোনো অঙ্গ-প্রত্যঙ্গ যেকোন প্রকার বিকলাঙ্গ, হাত-পা বিহীন কিংবা চলাচলে অসুবিধা হয় এরূপ শিশু।

ক্ষীণদৃষ্টি : চশমার সাহায্যেও যাদের দৃষ্টি স্বাভাবিক নয়, যারা মুখমন্ডলের কাছে বই নিয়ে পড়ার চেষ্টা করে, যাদের পরিষ্কারভাবে লিখতে অসুবিধা হয় এরূপ শিশু।

ক্ষীণশ্রবণ : যারা স্বাভাবিক স্বরমাত্রায় কথা বুঝতে বা উপলব্ধি করতে পারে না, যারা শব্দের মধ্যে পার্থক্য বুঝতে পারে না, যারা কানের পিছনে হাত রেখে শোনার চেষ্টা করে এরূপ শিশু।

বাকপ্রতিবন্ধী : যারা স্বাভাবিক কথা বলতে পারে না, যারা জড়তা নিয়ে কথা বলে, কষ্টস্বরে সমস্যা থাকার কারণে যারা কথা বুঝতে পারে না বা বুঝতে কষ্ট হয়, কথা বলার সময় যাদের মুখভঙ্গির বিকৃতি দেখা দেয়, কথার মাধ্যমে যারা অন্যের সাথে যোগাযোগ স্থাপন করতে পারে না এরূপ শিশু।

বুদ্ধিবৃত্তিক : কথাবার্তায় বোকা-বোকা ভাব, ভীতু স্বভাবের, স্বরণশক্তি অপেক্ষাকৃত কম, কোনো কথা এক বার বা দুই বার বললে বুঝতে পারে না বা বুঝতে অনেক সময় লাগে, কিছু কিছু কাজ করতে ধারাবাহিকতা রক্ষা করতে পারে না, খুব মিল আছে এমন কোনো বিষয় সহজে পার্থক্য নির্ণয় করতে পারে না এরূপ শিশু।

অটিস্টিক : অটিস্টিক শিশুরা নাম ধরে ডাকলে সাড়া দেয় না। ভাষার ব্যবহার সঠিকভাবে করতে পারে না। নতুন কিছু পেলে উচ্চস্বরে প্রকাশ করে না। এরা বিশেষ ধরনের আচরণ বার বার করতে থাকে।

অন্যান্য : উল্লেখিত ছয় ধরনের বিশেষ চাহিদা সম্পন্ন শিশু ছাড়া অন্য কোনো ধরনের বিশেষ চাহিদা সম্পন্ন শিশু আপনার বিদ্যালয়ে ভর্তি হলে তা এই ঘরে লিখতে হবে।

৯। ৯নং প্রশ্নে প্রথম শ্রেণির ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, শ্রেণিভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর সংখ্যা ও একই শ্রেণিতে পুনরাবৃত্তি বা রিপিটার শিক্ষার্থীর সংখ্যা উলেখ করুন।

১০। ১০নং প্রশ্নে দ্বিতীয় শ্রেণির ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, শ্রেণিভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর সংখ্যা ও একই শ্রেণিতে পুনরাবৃত্তি বা রিপিটার শিক্ষার্থীর সংখ্যা উলেখ করুন।

১১। ১১নং প্রশ্নে তৃতীয় শ্রেণির ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, শ্রেণিভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর সংখ্যা ও একই শ্রেণিতে পুনরাবৃত্তি বা রিপিটার শিক্ষার্থীর সংখ্যা উলেখ করুন।

১২। ১২নং প্রশ্নে চতুর্থ শ্রেণির ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, শ্রেণিভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর সংখ্যা ও একই শ্রেণিতে পুনরাবৃত্তি বা রিপিটার শিক্ষার্থীর সংখ্যা উলেখ করুন।

১৩। ১৩নং প্রশ্নে পঞ্চম শ্রেণির ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, শ্রেণিভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর সংখ্যা ও একই শ্রেণিতে পুনরাবৃত্তি বা রিপিটার শিক্ষার্থীর সংখ্যা উলেখ করুন।

১৪। ১৪নং প্রশ্নে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত একত্রে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, শ্রেণিভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর সংখ্যা ও একই শ্রেণিতে পুনরাবৃত্তি বা রিপিটার শিক্ষার্থীর সংখ্যা উলেখ করুন।

১৫। ১৫(ক) নং প্রশ্নে বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীর সংখ্যাগত তথ্য লিপিবদ্ধ করুন।

- প্রধান শিক্ষক ভারপ্রাপ্ত হলে তাকে সহকারী শিক্ষক (মূল পদ) হিসেবে গণনা/বিবেচনা করতে হবে।

- সংযুক্ত (In) বলতে অন্য কোনো বিদ্যালয় হতে এই বিদ্যালয়ে সংযুক্ত ও সংযুক্ত (Out) বলতে এই বিদ্যালয় থেকে অন্য বিদ্যালয়/অফিসে সংযুক্ত বুঝাবে।
- বর্তমানে ডেপুটেশন হিসেবে কোন শিক্ষক পদায়ন/দায়িত্ব প্রদান করা হয় না।

১৫(খ) নং প্রশ্নে নিম্নোক্ত ছক মোতাবেক বিদ্যালয়ের শিক্ষকদের বিস্তারিত তথ্য লিপিবদ্ধ করুন (এই প্রশ্নটি শুধুমাত্র GPS (০১), পরীক্ষণ বিদ্যালয় (০৪), ১৫০০ নতুন সরকারি প্রাথমিক বিদ্যালয় (২৬) এবং নতুন জাতীয়করণকৃত বিদ্যালয় (NNPS) (৯৯) এর ক্ষেত্রে প্রযোজ্য):

<p>১) এসএসসি/সমমান সনদপত্র অনুযায়ী প্রতিটি শিক্ষকের সঠিক জন্ম তারিখ লিখুন।</p> <p>২) লিঙ্গের ক্ষেত্রে : পুরুষ হলে ১, মহিলা হলে ২ লিখুন।</p> <p>৩) উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষকের ক্ষেত্রে : না হলে-০, চাকমা ১, মারমা ২, ত্রিপুরা ৩, গারো ৪, সঁওতাল ৫, মনিপুরি ৬, সাদরি (ওরাও) ৭ অথবা অন্যান্য হলে ৮ লিখুন।</p> <p>৪) পদের ক্ষেত্রে : প্রধান শিক্ষক ১, সহকারী শিক্ষক ২, প্রাক-প্রাথমিক শিক্ষক ৩, প্যারা-শিক্ষক ৪, পুল শিক্ষক হলে ৫ লিখুন।</p> <p>৫) এ বিদ্যালয়ে পদায়িত : পদায়িত/বদলি হয়ে আসলে ১, এ বিদ্যালয়ে সংযুক্ত হলে ২ লিখুন।</p> <p>৬) এ বিদ্যালয়ে উপস্থিত : উপস্থিত থাকলে ১, সি-ইন-এড প্রশিক্ষণরত থাকলে ২, ডিপিএড প্রশিক্ষণরত থাকলে ৩, বি-এড প্রশিক্ষণরত থাকলে ৪, এম-এড প্রশিক্ষণরত থাকলে ৫, মাতৃকালীন ছুটিতে থাকলে ৬, চিকিৎসাজনিত অর্জিত ছুটিতে থাকলে ৭, অন্যান্য ছুটিতে থাকলে ৮, অননুমোদিত অনুপস্থিত থাকলে ৯, সাময়িক বরখাস্ত থাকলে ১০, বিদেশ ভ্রমণে ব্যক্তিগত/সরকারি/অন্যান্য প্রশিক্ষণে থাকলে ১১ ও অন্য বিদ্যালয়ে/অফিসে সংযুক্ত থাকলে ১২ লিখুন।</p>	<p>৭) শিক্ষাগত যোগ্যতা : এসএসসির নিচে হলে ১, এসএসসি ২, এইচএসসি ৩, বিএ ৪, এমএ ৫, এমফিল/পিএইচডি হলে ৬ লিখুন (সমমান যোগ্যতা হলে একই কোড লিখুন) এক্ষেত্রে সর্বোচ্চ যোগ্যতা লিখুন।</p> <p>৮) চাকরিতে যোগদানের তারিখ : চাকরিতে প্রথম যোগদানের তারিখ লিখুন।</p> <p>৯) কোনো শিক্ষক (৬ষ্ঠ -৮ম) শ্রেণির ক্লাস নিয়ে থাকেন তাহলে ১, না নিয়ে থাকলে ২ লিখুন।</p> <p>১০) ক. পেশাগত যোগ্যতা (স্বল্প মেয়াদি/প্রাথমিক): বিষয়ভিত্তিক-১ / আইসিটি-২ / প্রাক-প্রাথমিক-৩ / মাকিং স্কীম-৪ / কাব প্রশিক্ষণ-৫ / অন্যান্য-৬ লিখুন এবং অনলাইনে পূরণের এর ক্ষেত্রে হ্যাঁ / না / প্রযোজ্য নয় সিলেক্ট করুন।</p> <p>খ. পেশাগত যোগ্যতা (দীর্ঘ মেয়াদি/উচ্চতর): সিইনএড-১ / ডিপিএড-২ / ডিপিইনএড-৩ / বিএড-৪ / এমএড-৫ / অন্যান্য-৬ লিখুন এবং অনলাইনে পূরণের এর ক্ষেত্রে হ্যাঁ / না / প্রযোজ্য নয় সিলেক্ট করুন।</p> <p>১১) বিগত ১২ মাসের প্রশিক্ষণসমূহ (২৯/০২/২০২০ তারিখ পর্যন্ত): বিষয়ভিত্তিক-১ / আইসিটি-২ / প্রাক-প্রাথমিক-৩ / মাকিং স্কীম-৪ / কাব প্রশিক্ষণ-৫ / অন্যান্য-৬ লিখুন এবং অনলাইনে পূরণের এর ক্ষেত্রে হ্যাঁ / না / প্রযোজ্য নয় সিলেক্ট করুন।</p>
---	---

১৬। তথ্য সংগ্রহ সম্পন্ন হলে নির্দিষ্ট স্থানে স্বাক্ষর গ্রহণ করে এবং নিজে স্বাক্ষর করে প্রতিষ্ঠান প্রধান বা তার প্রতিনিধি কে ধন্যবাদ জ্ঞাপন করুন।

১৭। জরিপোত্তর যাচাই জরিপ (PEC) এর তথ্যছক পূরণে যে কোন সহযোগিতা/ পরামর্শের জন্য যোগাযোগ করুন:

নং	নাম	পদবি	টেলিফোন নম্বর	মোবাইল নম্বর
১।	জনাব শেখ মোঃ আলমগীর	চিফ, পরিসংখ্যান বিভাগ	০২ ৫৫১৫১৮১৬	০১৭১১৫৭৬৩৩৩
২।	জনাব মোঃ খানজাহান আলী	স্পেশালিস্ট (পরিসংখ্যান)	০২ ৫৫১৫২১০৩	০১৫৫২৪৫৯০৭১
৩।	জনাব এস.এম কামরুল হাসান	পরিসংখ্যান অফিসার	০২ ৫৫১৫২১১৫	০১৫৫২৩৩৯২৩১
৪।	জনাব নূর মোহাম্মদ	পরিসংখ্যান অফিসার	০২ ৫৫১৫১৭৯৮	০১৭১০৪৮০৯৯২